গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ
**www.mofa.gov.bd**

নম্বর-১৯.০০.০০০০.১২১.০১.০১১.২০(৩১১)/২৫৭

তারিখ: ৩০ জৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পররাষ্ট্র মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল-২০১৫ মোতাবেক ১৩তম গ্রেডভুক্ত নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে (http://mofa.teletalk.com.bd) অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম/বেতনস্কেল | সর্বোচ্চ বয়স সীমা | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | গবেষণা সহকারী (গ্রেড-১৩) বেতন স্কেলঃ ১১,০০০-২৬,৫৯০/- | ৩০ বৎসর | ১(এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; | সকল জেলা |
| ২ | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) বেতন স্কেলঃ ১১,০০০-২৬,৫৯০/- | ৩০ বৎসর | ৫৬ (ছাপান্ন) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সাঁটলিপি এর সর্বনিম্ন গতি প্রতি মিনিট ইংরেজি ৭০ শব্দ এবং বাংলা ৪৫ শব্দ;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। | সকল জেলা |
| ৩ | উচ্চমান করণিক (গ্রেড-১৩) বেতন স্কেলঃ ১১,০০০-২৬,৫৯০/- | ৩০ বৎসর | ১(এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; | সকল জেলা |

২। নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

ক. ১৪/০৬/২০২৩ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এছাড়া ক্রমকি নম্বর ২ এবং ৩-এ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.২০-১৪৯ সংখ্যক স্মারক অনুসারে বর্ণিত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন। উল্লেখ্য, বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Working in a Government Office/Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা /শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতামহের বীর মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে, সে ক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়রম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

চ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ছ. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে "পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়োগ বিধিমালা, ২০১৮" অনুসরণ করা হবে।

জ. আবেদনকারীকে তাঁর সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

ঝ. ক্রমিক নম্বর ১ এবং ৩ অনুযায়ী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এছাড়া ক্রমিক নম্বর ২ অনুযায়ী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

ঞ. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭/০৪/২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৬.২২-৯৬ সংখ্যক পরিপত্র অনুসারে ক্রমিক ১-৩ নং পদে নিয়োগে অপেক্ষমাণ তালিকা সংরক্ষণ করা হবে।

ট. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://mofa.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫ জুন ২০২৩ সকাল ৯:০০টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪ জুলাই ২০২৩ বিকাল ৫:০০ টা।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রর একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনে প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সর্ম্পূণ কালো/ সর্ম্পূণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩.০০ টাকা মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলে পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।''

**MOFA**<Space>**User ID** লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: MOFA ABCDEF

Reply: Applicant's Name, Tk. 223 will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type MOFA<Space>Yes<Space>PIN and send to 16222.

**MOFA**<Space>**Yes**<Space>**PIN** লিখে 16222 নম্বরে send করতে হবে ।

Example: MOFA YES XXXXXXXXX

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOFA Application for XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mofa.teletalk.com.bd অথবা পররাষ্ট্র মন্ত্রণালয়ের Website: www.mofa.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID** জানা থাকলে: **MOFA**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** & Send to 16222.
Example: MOFA HELP USER ABCDEF

ii. **PIN Number** জানা থাকলে: **MOFA**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** & Send to 16222.
Example: MOFA HELP PIN 12345678

৪। প্রাথীর যোগ্যতা যাচাইঃ

(ক)

i. মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
ii. পূরণকৃত Application Form-এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
iii. সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
iv. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
v. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।
vi. বিভাগীয় ও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) উক্ত তথ্যসমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিবেদন সম্পাদন করা হবে।

(গ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র, জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(ঙ) **গবেষণা সহকারী/সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর/উচ্চমান করণিক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি।**

গবেষণা সহকারীঃ

| ক্র. নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | | | নম্বর | | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | | | (৩) | | (৪) | (৫) |
| ১। | (ক) | লিখিত পরীক্ষা | | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | | (অ) | বাংলা | ২০ | ১০০ | | |
| | | (আ) | ইংরেজী | ৫০ | | | |
| | | (ই) | গণিত | ১৫ | | | |
| | | (ঈ) | সাধারণ জ্ঞান | ১৫ | | | |
| ২। | (খ) | মৌখিক পরীক্ষা | | | ১০ | | |
| | | | | সর্বমোট | ১১০ | | |

সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটরঃ

| ক্র. নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | | | নম্বর | | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | | | (৩) | | (৪) | (৫) |
| ১। | (ক) | লিখিত পরীক্ষা | | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | | (অ) | বাংলা | ২০ | ১০০ | | |
| | | (আ) | ইংরেজী | ৫০ | | | |
| | | (ই) | গণিত | ১৫ | | | |
| | | (ঈ) | সাধারণ জ্ঞান | ১৫ | | | |
| ২। | (খ) | ব্যবহারিক পরীক্ষা | | উত্তীর্ণ | উত্তীর্ণ | | |
| ৩। | (গ) | মৌখিক পরীক্ষা | | | ১০ | | |
| | | | | সর্বমোট | ১১০ | | |

উচ্চমান করণিকঃ

| ক্র. নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | | | নম্বর | | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | | | (৩) | | (৪) | (৫) |
| ১। | (ক) | লিখিত পরীক্ষা | | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | | (অ) | বাংলা | ২০ | ১০০ | | |
| | | (আ) | ইংরেজী | ৫০ | | | |
| | | (ই) | গণিত | ১৫ | | | |
| | | (ঈ) | সাধারণ জ্ঞান | ১৫ | | | |
| ২। | (খ) | মৌখিক পরীক্ষা | | | ১০ | | |
| | | | | সর্বমোট | ১১০ | | |

(চ) **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/mofa বা http://mofa.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তি দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য পররাষ্ট্র মন্ত্রণালয়রে Website: www.mofa.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ছ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: **MOFA**, Post Name:***, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(জ) **Declaration**: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের Declaration অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঝ) আবেদনের সময় নামের বানান সতর্কতার সাথে শিক্ষা সনদের সাথে মিলিয়ে লিখতে হবে, শিক্ষা সনদে উল্লিখিত নামের বানানের বাইরে পদবি/মৃত ইত্যাদি লিখা যাবে না। স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ঞ) নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিদ/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

13/06/2023

(মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন)
পরিচালক (নীতি ও সংগঠন)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।